কোরআন বলছে- وقتل داؤ د جالوت দাউদ (আ.) জালুতকে কতল করেছেন।

হে কোরআন! তুমি বলে দাও জিহাদ কোন প্রকারের লোকের কাজ, এবং পীর, বুজুর্গ, ওলীদের উপর কি জিহাদ ফরজ?

و كاين من نبي قاتل معه ربيون كثير वनात्र कातजान वनरह

নবীদের সাথে মিলে কত বড় বড় দরবেশগণও জিহাদ করেছেন। তারা কোনদিন কাফেরদের সামনে মাথানত করেননি। তারা ক্রমাগত জিহাদ করেছেন।

হে কোরআন! তোমার প্রতিটি কথা সত্য, কিন্তু জিহাদে যেতে চাইলে আমার শ্রন্ধেয় আব্লা যেতে দেন না, আম্মা প্রতিরোধের প্রাচীর তৈরী করেন, স্ত্রী পায়ে শৃংখলের মতো জাড়িয়ে থাকে, দোকান, ব্যবসা, বাণিজ্য, ঘরের বিভিন্ন সমস্যা সামনে এসে দাঁড়ায়। ফলে আমার আর যাওয়া হয় না? কোরআন বলছে فل ان كان آبائكم তাদেরকে বলে দাও যে, তোমার পিতা মাতা, وعشيرتكم, তোমাদের সন্তান, وعشيرتكم, তোমাদের স্ত্রী, وعشيرتكم, তোমাদের বংশধর.

এবং তোমাদের ঐ সমন্ত ধন যা তোমরা সঞ্চয় করে রেখেছো, واموال اقترفتموها এবং ঐ ব্যবসা যার ক্ষতীর উদ্বেগ তোমাদেরক জড়িয়ে রেখেছে, এবং فضونها এবং ঐসকল ঘর যেগুলোতে তোমার মন বন্দী হয়ে আছে।

यिन আল্লাহ ও তার রাসুল الميكم من الله ورسوله جهاد في سبيل الله (স.) এবং জিহাদ থেকে বেশি গুরুত্ব ও ভালোবাসা পেয়ে থাকে তবে শান্তির অপেক্ষা কর। متى ياتى الله بامره আল্লাহ তোমাদের উপর তার শান্তি বর্ষণ

করবেন। এই ভাবে যদি কোরআন মজীদকে প্রশ্ন করতে থাকেন তবে সে উত্তর দিতে থাকবে। আমি মাত্র কিছু ধারণা দিলাম। আপনারা নিজে একটু চিন্তা করুন। পবিত্র কোরআনের সুরা আনফাল সম্পূর্ণ-ই জিহাদ সম্পর্কে অবতির্ণ হয়েছে। সুরা তাওবাহও জিহাদ সম্পর্কে অবতির্ণ হয়েছে। সুরা মোহাম্মদ কিতাল ও জিহাদ সম্পর্কে অবতীর্ণ হয়েছে। সুরা ফাতেহ জিহাদ সম্পর্কে অবতীর্ণ হয়েছে। সুরা হজ্বে জিহাদের বর্ণনা এসেছে। সুরা হাদিদে লোহার ফজিলত বলা হয়েছে। যে সকল সুরা মদীনায় অবতীর্ণ হয়েছে সবগুলেতে-ই জিহাদের কথা নিশ্চয় পাবেন। এখন অনুমান করেন জিহাদ কত গুরুত্বপূর্ণ ফরজ। যে ব্যক্তি কোরআন বুঝতে পেরেছে সে কখনো জিহাদ ত্যাগ করতে পারে না। কিন্তু যে ব্যক্তি কোরআন বুঝেনি, কোরআনকে পিছনে রেখেছে, অথবা কোরআন থেকে মুখ ফিরিয়ে নিয়েছে সে কিভাবে বুঝবে জিহাদের গুরুত্ব।

জিহাদের মূলতত্ত্ব:

জিহাদ বুঝার জন্য প্রথমে যে কথা বুঝা জরুরী তা হলো আল্লাহ পাক যে ইবাদতের যে নাম দিয়েছেন তা সেই ইবাদতের জন্য-ই ব্যবহার করতে হবে। নামাজের আরবী হলো সালাত, সালাতের অন্য অর্থও আছে, কিন্তু আল্লাহ পাক সালাত শব্দ দিয়ে নামাজ বুঝিয়েছেন। তাই যে এবাদতের জন্য সালাত শব্দ ব্যবহার করা হয়েছে তাকে-ই সালাত বলতে হবে। এখন যদি কোন আলেম বলেন আমি অভিধানে দেখেছি সালাত অর্থ নিজের শরীরের পিছনের অংশকে নাডা। তাই সকালে আমি যে ব্যয়াম করি তাও সালাত। কিংবা কেউ যদি বলে সালাত অর্থ রহমত বর্ষণ। তাই সকালে উঠে আমি রহমতের জন্য প্রার্থনা করি। আমার নামাজ পড়তে হবে না। তবে কি তা গ্রহণযোগ্য হবে। মোটেও না। আমরা মেনে নিলাম যে, সালাত অর্থ শরীর নাড়া চাড়া করা কিংবা অন্যকিছু। কিন্তু আমার আল্লাহ বলে দিয়েছেন সালাত এই ইবাদতের নাম যার মধ্যে অজু করতে হবে, কেবলামুখী হয়ে দাঁড়াতে হবে, ইমামের ইকতেদাহ করতে হবে, যার মধ্যে কিয়াম, রুকু, সেজদা করতে হবে। এসব ছাড়া অন্য কিছুকে কেউ নামাজ বলতে পারবে না। কোরআনে আল্লাহ পাক বলেছেন; في الصلوة لذكري

নামাজ এজন্য পড় যাতে আমাকে স্মরণ করতে পার, তা হলে নামাজের কি প্রয়োজন? আলেমদের কি প্রয়োজন? আলেমরাতো এই ধারণা পোষণকারীদেরকে কাফের ফতোয়া দিয়েছেন। কারণ আল্লাহ পাক সালাত শব্দ যে অর্থে ব্যবহার করেছেন তারা তা না মেনে অন্য অর্থ নিয়েছে। তেমনি আল্লাহ পাক রোজা যে ইবাদতের নাম রেখেছেন তাকে রোজা-ই বলতে হবে। যদি কেউ বলে আরবী অভিধানে "সাওম" অর্থ বিরত থাকা। তাই ঘন্টা খানিক সময় সব কিছু থেকে বিরত থাকলেই রোজা আদায় হয়ে যাবে। এ কথা কি গ্রহণযোগ্য? রোজা তো এই ইবাদতের নাম যেখানে সুবেহ সাদেক থেকে মাগরিব পর্যন্ত খাওয়া, পান করা, এবং স্ত্রী সহবাস থেকে রোজার নিয়তে বিরত থাকা। কোরআন-হাদিসে রোজার যে ফাজিলত বলা হয়েছে তা একমাত্র এই ইবাদতের মাধ্যমে-ই পাওয়া যাবে।

ব্যেখছেন। এই ইবাদতের বৈশিষ্ট্য হলো তলোয়ার থাকবে, ঘোড়া থাকবে, মুসলমান কাফেরদের মোকাবেলা করবে, যারা লড়াই করবে তাদেরকে মুজাহিদ বলবে, জীবিতকে গাজী এবং মৃত্যু ঘটলে শহীদ বলা হবে, যে ইবাদতে এই বৈশিষ্ট্য পাওয়া যায় তাকে জিহাদ বলে এবং কোরআন হাদিসে বর্ণিত সকল ফজিলত এই জিহাদের জন্য-ই। কোন মানুষ যদি বলে আমি আরবী অভিধানে দেখেছি জিহাদ অর্থ মেহনত করা। তাই যে কোন মেহনতকে জিহাদ বলা যাবে। যেমন বাচ্চা লালন-পালন, পরিবারের রক্ষনাবেক্ষনও জিহাদ, তবে সে ব্যক্তিকে মিথুকে ছাড়া আর কি বলা যায়? কারণ মদীনার গালিতে যখন ঘোষনা হতো; জিহাদে এসো, তখন সাহাবায়ে কেরাম (রা.) তলোয়ার, ঘোড়া নিয়ে আল্লাহর রাস্তায় শহীদ হওয়ার লোভে কাফেরদের মোকাবেলায় ময়দানে যেতেন। হযরত নবী করিম (স.) এর সাহাবা (রা.)গণ কখনো জিহাদের অন্য অর্থ বলেননি। আমাদের ফুকাহায়ে কেরামদের কিতাব সমূহ উঠিয়ে দেখুন জিহাদ কাকে বলে? ফতহল বারী'তে বলা হয়েছে:

নিজের সম্পূর্ণ শক্তিকে কাফেরদেঁর মোকাবেলায় ব্যবহারকে জিহাদ বলে। (ফতহুল বারী, খন্ড-৬, পৃঃ-২)

হ্যরত আবু হানিফা, ইমাম মালেক, ইমাম শাফী, ইমাম হামলী (র.)দের ফতোয়া খুলে দেখুন, তারা জিহাদের সংজ্ঞায় কি বলেছেন? তাদের সকলের ফতোয়ার সারমর্ম কি তাই নয় যে, بذل احسن الجهد في قتال الكفار

নিজের সর্ব প্রকার প্রচেষ্টাকে কাফেরদের বিরুদ্ধে ব্যবহার এবং মুজাহিদদেরকে সর্ব প্রকার সাহায্যকে জিহাদ ও কিতাল বলে। পবিত্র কোরআন ও হাদিসে জিহাদ শব্দ 'জিহাদ ফি সাবিলিল্লাহ' অর্থে এসেছে। আপনারা শোনলে আশ্চর্য হবেন যে, অনেকে জীবিকার সন্ধান, সত্য কথা বলা ইত্যাদিকে জিহাদ বলে তৃপ্তি অনুভব করেন। আমরা স্বীকার করি এ সবকে

জিহাদের সাথে উপমা দেওয়া হয়েছে। কারণ, যে জিনিষের প্রতি মুসলমানদের প্রবনতা ও ভালোবাসা অত্যন্ত বেশি হয়ে থাকে তা দিয়ে ফায়দা উঠানোর জন্য অন্য জিনিসের সাথে উপমা দেওয়া হয়ে থাকে। যেমন আমাদের সমাজে পিতার মর্যাদা অত্যন্ত, বলা হয়েছে; পিতা সন্তুষ্ট হলে আল্লাহ সন্তুষ্ট হয়ে যান। ইসলামে এই রকম ইচ্ছাত দেওয়া হয়েছে পিতাকে। এক ব্যক্তি তার পিতাকে অত্যন্ত ভালোবাসে। সে তার পিতার প্রত্যেক কথাকে শ্রদ্ধার সাথে মান্য করে। পরিচিত সবাই অবগত য়ে, এই ব্যক্তির একমাত্র দুর্বলতা তার পিতা। একদিন একজনের ঘরে এক বৃদ্ধ মুসাফির আসলো। সে শীতে কাঁপছে। কিছু তাকে রাখার মতো ঐ লোকের জায়গা নেই। তখন ঐ ব্যক্তির কাছে নিয়ে যাওয়া হলো যে তার পিতাকে মহবতত করে। তাকে বলা হলো, ভাই! এই বৃদ্ধ এক মুসাফির। তাকে নিজের পিতার বয়সী মনে করে একটু সেবা করে'। এই পিতা শব্দ কেন ব্যবহার করা হলো? কারণ এই ভদ্রলোক তার পিতাকে মহবতত করে। এই মহববতের কিছু অংশ যাতে এই বৃদ্ধকে দেওয়া হয় সেজন্য পিতার সাথে উপমা দেওয়া হয়েছে।

জিহাদের মাধ্যমে সম্মান বৃদ্ধি :

ইসলামী সমাজে জিহাদ এত-ই আনন্দদায়ক ও প্রিয় কর্ম ছিলো যে, হযরত সাহাবায়ে কেরাম (রা.) তা নিয়ে প্রতিযোগিতা করতেন। হযরত সাহাবায়ে কেরাম (রা.) যে সম্মানজনক অবস্থানে পৌছেছেন তা একমাত্র জিহাদের মাধ্যমেই সম্ভব হয়েছে। সাহাবায়েকেরামদের (রা.) মধ্যে সম্মানজনক পরিচিতি এভাবে ছিলো যে, তিনি বদরওয়ালী সাহাবী, তিনির ওহুদওয়ালী সাহাবী, তিনি হোনাইনওয়ালী সাহাবী, তিনি সালমা বিন আকুয়া (রা.), যিনি মহানবী (স.) এর সাহাবীদের মধ্যে পাদল বাহিনীর সব চাইতে দ্রুতগামী ছিলেন। তিনি হযরত কাতাদাহ (রা.) যিনি ঘোড়া আরোহীদের মধ্যে সবচাইতে দ্রুতগামী ছিলেন। হাদিসের মধ্যে এসেছে যে, মহানবী (স.) শুধু সায়াদ ইবনে আবি ওক্কাস ছাড়া এমন করে কাউকে বলেননি যে, তোমার উপর আমার পিতা মাতা উৎসর্গ করলাম। এক জিহাদে মহানবী (স.) বলেন; হে সায়াদ! আমার পিতা মাতা তোমার উপর উৎসর্গ করলাম ارم پا سعد তুমি কাফেরদের উপর তলোয়ার চালাও। غسيل الملائكة জিহাদের ময়দানে শাহাদাতের কারণে-ই হযরত হানজালা (রা.)কে ফেরেস্তা কর্তৃক গোসল দেওয়া হয়েছে। হয়রত হামজা (রা.)কে সাইয়্যেদুশ শোহাদা অর্থাৎ শহীদদের সর্দার বলা হয়েছে। হযরত আলী (রা.)কে এই জিহাদের কারণেই বলা হয়েছে আসাদুল্লাহ অর্থাৎ আল্লাহর বাঘ। এই জিহাদ-ই হযরত সাহাবায়ে

কেরাম (রা.)কে এমন সম্মানিত করেছে যা আমরা ধারনাও করতে পারবো না। সাহাবয়ে কেরামদের মধ্যে জিহাদ এত আনন্দদায়ক ছিলো যে, মহিলাগণ তাদের স্বামীদেরকে বলতেন; জিহাদের ময়দানে শহীদ হও, ঘরের বিছানায় মৃত্যুবরণ করবে না। একদিন মদিনায় জিহাদের আহবানের সাথে সাথে একদিক থেকে কানার শব্দ শোনা গেলো। কয়েকজন সাহাবা গিয়ে দেখলেন এক বৃদ্ধা মহিলা কাঁদছে। জানতে চাইলেন কারণ? সে বললো আমার কোন যুবক ছেলে নাই যাকে জিহাদে প্রেরণ করবো, স্বামীও নাই যে জিহাদে যেতে পারবে, অথচ আজ মদিনার প্রত্যেক ঘর থেকে মুজাহিদগণ জিহাদে যাচ্ছেন। এই বরকত থেকে যে আমি বঞ্চিত, তাই কাঁদছি। আমি আমার মাথার চুল কেটে দিচ্ছি তোমরা মহানবী (স.)কে দিও যাতে তিনি কোন ঘোড়ার লাগাম তৈরীতে ব্যবহার করতে পারেন। এতে আমি শান্তনা পাবো এই ভেবে যে, এই বৃদ্ধাও জিহাদে অংশ নিয়েছে। মদীনায় জিহাদের আহবান হতেই এক বালক এসে বললো, হে আল্লাহর নবী (স.)। আমি জিহাদে যেতে চাই। মহানবী (স.) চেয়ে দেখলেন শরীরের গঠন শক্ত আছে। বললেন, চলো। দ্বিতীয় বালক এসে বললো, হে আল্লাহর রাসুল (স.)! ওকে জিহাদে নিচ্ছেন তবে আমাকে কেন নিবেন না? মহানবী (স.) বললেন, আরে! ও যে তোমার থেকে বড় এবং শক্তিশালী। বালকটি বললো, হে আল্লাহর রাসুল (স.) আমাদের মধ্যে কুস্তি দিয়ে দেখুন কে শক্তিশালী। কুস্তির নির্দেশ দেওয়া হলো। শুরু হলো কুস্তি। শাহাদতের লোভে কুস্তি হচ্ছে। ছোট বালক বড় বালকের কানের কাছে গিয়ে বললো, ভাই! তোমারতো জিহাদে যাওয়ার অনুমতি হয়ে গেছে। দয়া করে তুমি পরাজিত হয়ে যাও যাতে আমিও অনুমতি পেয়ে যাই। ছোট বালকের অনুরোধে বড় বালক পরাজয় স্বীকার করে নিলো। দু'জনের জিহাদে যাওয়ার অনুমতি হয়ে গেলো। ময়দানে গিয়ে লড়তে লড়তে ঐ বালকের একহাত কেটে লটকে গেলো. মাত্র একটি রগের সাথে লেগে আছে। বর্তমানে আমাদের বাচ্চারা সামান্য কাঁটা ঢুকলেই আত্মচিৎকার দিয়ে পাড়া প্রতিবেশিকে জানিয়ে দেয়। আমরা যারা বাচ্চাদেরকে খরগোশের মতো আদর যত্ন করে লালন-পালন করি তাদের চিন্তা করা উচিৎ যে, এক হাত কেঁটে মাত্র একটি রগের সাথে লেগে আছে, এমনি অবস্থায় জিহাদ করতে অসুবিধা হচ্ছে দেখে বালক তার ঝুলন্ত হাতকে এক পায়ের নীচে রেখে টান দিয়ে দ্বিখন্ডীত করে নিলো।

তাবুকের যুদ্ধে যাওয়ার জন্য মহানবী (স.) যখন মাল জমা করতে ঘোষণা দিলেন তখন হযরত ওমর ফারুক (রা.) ভাবলেন যে, আজ জিহাদের পথে মালদানে হযরত আবুবকর সিদ্দিক (রা.)থেকে এগিয়ে থাকবো, কারণ এই দিন তার ঘরে প্রচুর মাল জমা ছিলো। তিনি ঘরের অর্ধেক মাল উঠিয়ে এনে মহানবী (স.)এর সামনে রাখলেন। কিন্তু অন্যদিকে হযরত আবুবকর (রা.) ঘরের সম্পূর্ণ মাল উঠিয়ে এনে মহানবীর (স.) সামনে রাখলেন।

সামান্য কিছু সাহাবী ছিলেন, অথচ রোম ও পারস্যকে পরাজিত করে দিলেন। বড় বড় দূর্গ বিজয় করলেন। এক যুদ্ধে দশ হাজার সাহাবী শহীদ হয়ে গেলেন। সমরকন্দ পর্যন্ত আমি নিজে তাদের কবর দেখেছি। কাবুলে পর্যন্ত সাহাবায়ে কেরাম (রা.) এসেছেন। তাদের কাছে জিহাদ এত-ই আনন্দদায়ক এবং প্রিয় বস্তু ছিলো যে, যিনি পাপের কাফ্ফারা দিতে চাইতেন তিনি-ই জিহাদে চলে যেতেন। তাদের পক্ষে তা এজন্য-ই সম্ভব হতো যে, জিহাদের প্রতি তাদের ভালোবাসা ছিলো।

ইহুদীগণ বললো; আমরা আল্লাহর সন্তান ও প্রিয়। বলা হলো; এসো পরিক্ষা দাও فتمنوا الموت ان كنتم صادقين সত্য হলে মৃত্যু কামনা কর।

কারণ প্রত্যেক আশিক তার মাণ্ডকের সাথে সাক্ষাৎ চায়, প্রত্যেক প্রেমিক তার প্রেমিকার সাথে দেখা করতে চায়। তাই মৃত্যু হলে না আল্লাহর কাছে যাবে। কিন্তু ابدا

যখন মুত্যুর সময় হলো তখন তারা পালিয়ে গেলো এবং বললো, না মৃত্যু চাই না।

হে মুসলমানগণ! তোমরা আল্লাহর প্রেমের দাবী করো আবার মৃত্যু থেকে, শাহাদত থেকে পালিয়ে থাক। তোমাদের মধ্যে আর ইহুদীদের মধ্যে ব্যবধান কি থাকলো? এজন্যই জিহাদের উদ্দেশ্য অতীতে যা ছিলো আজো তাই আছে। এই উদ্দেশ্য কে কেউ পরিবর্তন করতে পারবে না। আমি স্বীকার করি জিহাদ শব্দ পবিত্র কোরআন কিতাল ছাড়াও অন্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে। যেমন সালাত শব্দ ও নামাজ ছাড়া অন্য কারণেও ব্যবহৃত হয়েছে। যেমন বলা হয়েছে, والمائكة يصلون على الله وملائكة يصلون على الله ويصلون على اله ويصلون

আল্লাহ এবং তার ফেরেস্তাগণ নবী (স.) এর উপর শান্তি (সালাত) বর্ষণ করেন।

এই সালাত শব্দ দিয়ে এখানে বুঝানো হয়েছে নবী করিম (স.) এর উপর আল্লাহ রহমত বষর্ণ করেন এবং ফেরেস্তাগণ রহমত বর্ষণের জন্য দোয়া করেন। এখানে সালাত শব্দ নামাজ ছাড়া অন্য কারণে ব্যবহৃত হয়েছে। কিন্তু সাধারণ ভাবে যখন 'সালাত' শব্দ দিয়ে নামাজকে বুঝানো হয় তেমনি জিহাদ শব্দ বিভিন্ন উপমায় ব্যবহৃত হলেও সাধারণ ভাবে জিহাদ এমন বিশেষ ইবাদতকে বুঝায় যেখানে থাকবে তলোয়ার, তীর, ঘোড়া, শাহাদত, গণিমত,

গাজী ইত্যাদি এবং এর দ্বারা ইজ্জত ও শ্রেষ্টত্ব অর্জিত হয়। জিহাদের এই অর্থ অতীতেও ছিলো, আজা আছে এবং আগামীতেও থাকবে। এক হাজার মির্যা কাদিয়ানীর জন্ম হলেও এই অর্থে পরিবর্তন আনতে পারবে না। এক সময় ছিলো যখন কোন মুসলমান ঘোষণা দিতেন, জিহাদের জন্য দাঁড়িয়ে যাও। তখন সব মুসলমান যার যা আছে তা নিয়ে বেরিয়ে ময়দানে গিয়ে কাফেরদেরকে নেস্তেনাবুদ করে দিতেন কাফেরগণ যখন ময়দানে মুসলমানদের মোকাবেলা করতে ব্যর্থ হলো তখন তারা জিহাদের অর্থ এবং উদ্দেশ্য পরিবর্তনের ষড়যন্ত্র শুরু করলো, তারা এমন ভাবে ষড়যন্ত্র শুরু করলো যা শোনলে দুঃখে হৃদয় ফেটে যায়।

জিহাদ হলো ইসলামের দুর্গ:

জিহাদ মুসলমান ও ইসলামের দূর্গ ও প্রতিরক্ষক ছিলো। জিহাদের শক্তির কারণে আমরা নামাজ পড়তাম, আজান দিতাম, ইসলামের দাওয়াত গোটা বিশ্বে নিয়ে যেতাম। কারো বাধা দানের সাহস হতো না। আর যদি কেউ বাধা দিতে চেষ্টা করতো তবে সে নিজেই ধ্বংস হয়ে যেত। কেউ আমাদের সংস্কৃতিতে কিছু ঢুকাতে পারতো না। কেউ আমাদের সংস্কৃতিকে অবজ্ঞা করার সাহস পেত না। আজ আমরা জিহাদ ছেড়ে দেওয়ার কারণে আমাদের সকল প্রতিরক্ষক দেওয়াল কাফেরগণ ভেঙ্গে দিচ্ছে। তারা আমাদের সংস্কৃতির উপর আক্রমণ করছে। বিভিন্ন ভাবে ইসলামী সংস্কৃতিকে ধবংস করে দিতে চাচ্ছে। এমন কি তারা আমাদের জীবিকার উপরও হামলার সাহস দেখাচ্ছে। (বাস্তব প্রমাণ-ইরাক, সুদান, লিবিয়া, আফগানিস্তান, পাকিস্তান ইত্যাদি মুসলিম দেশ গুলোর উপর জাতিসংঘের অর্থনৈতিক অবরোধ)। আমাদেরকে তারা গোলাম করে রেখে দিয়েছে। আমাদের ইবাদতের উপর তারা হস্তক্ষেপ করতে আমাদের ইবাদতকে তারা কষ্টের কারণ হিসাবে চিহ্নিত করে দিয়েছে। আমাদের উলামাদেরকে তারা বিভিন্ন ভাবে অপমানিত করছে। এটা-ই নিয়ম যে. যখন রক্ষক কিংবা চৌকিদার থাকে না তখন চোর. বদমাইশগণ যা ইচ্ছা তা করে, কেউ প্রতিরোধকারী থাকে না। কিন্তু যদি প্রতিরোধকারী থাকে তবে কার এত সাহস কোন শিশু মেয়ের মাথা থেকে উড়না সরানোর? স্মরণ রাখতে হবে যে মুসলমান প্রতিমূহর্ত জিহাদের জন্য প্রস্তুত থাকে এবং সর্বদা প্রাণ উৎসর্গ করে ভারতবর্ষের ইতিহাস দেখুন। যখন ইংরেজদের অবস্থা সোচনীয়। চারিদিকে উলামায়ে কেরাম জিহাদের দামামা বাজাচ্ছেন। ময়দান উত্তপ্ত। হযরত হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী (র.) এর মতো বুজুর্গ ব্যক্তিও জিহাদের ময়দানে। সৈয়দ আহমদ শহীদ ও শাহ

ইসমাইল শহীদ (র.) এর জিহাদী ইতিহাস ইংরেজদের সামনে স্পষ্ট। মুসলমানেদের শিশুরা পর্যন্ত জিহাদ বুঝে এবং মানে। তখন-ই ইংরেজগণ শুরু করলো জিহাদের বিরুদ্ধে ষড়যন্ত এবং এই ষড়যন্তের-ই জারজ মীর্জা গোলাম আহমদ কাদিয়ানী। মীর্জা কাদিয়ানী নিজে বলেছে যে, আমি বৃটিশ শাসনের পক্ষে তাদেরকে খুশি করার জন্য এত বই লিখেছি যে, পঞ্চাশটি আলমারী ভর্তি হয়ে যাবে।"

এই কুখ্যাত লোকটি মুসলমানদের মধ্যে জিহাদের বিরুদ্ধে প্রচুর অপপ্রচার করেছে। হযরত শায়খুল হিন্দ মাহমুদুল হাসান (র.) যখন মানুষের মধ্যে জিহাদের দাওয়াত দিতেন তখন এই কুখ্যাত ব্যক্তিটি মানুষের মাঝে অপপ্রচার করতো এই বলে যে, হে মুসলমানগণ! জিহাদ তোমাদের উপর ফরজ নয়। কারণ জিহাদের জন্য যে শক্তির প্রয়োজন তা তোমাদের নেই। শক্তি ছাড়া জিহাদ হবে না। তা ছাড়া জিহাদের জন্য এক আমীরের প্রয়োজন কিন্তু তোমাদের আমীরও নেই।" এই ভ্রান্ত ধারণা কাদিয়ানীগণ এতই প্রচার করেছে যে, বর্তমানে অনেকে-ই মুর্খতা বশত ফতোয়া দিয়ে বসেন। যেখানে মুসলমানদের মধ্যে বিভক্তি সেখানে জিহাদ হয় না। কাদিয়ানীগণ আরেকটি কথা এত-ই প্রচার করেছে যে, জিহাদে কোন পাপিষ্ট লোকের মাধ্যমে হয় না। জিহাদ করতে হলে ফেরেস্তাদের মতো চরিত্র থাকতে হবে। তাই যতক্ষণ পর্যন্ত আমাদের চরিত্র ফেরেস্তাদের মতো হবে না সেই পর্যন্ত জিহাদ করতে পারবো না। কিন্তু এটাও একটা ভ্রান্ত ধারণা। যারা জিহাদের জন্য ফেরেস্তা হওয়া শর্ত মনে করেন তাদের সামনে মৃত্যু এসে যায় তবু জিহাদ সম্ভব হয় না। জানি না এই সমস্ত ধারণা পোষণকারীর ঈমান ও আমলের অবস্থা কোন দিন এমন হবে যে, তারা জিহাদের যোগ্য হবেন? অথচ জিহাদের বিনিময়ে-ই ঈমানের শক্তি বৃদ্ধি পায় এবং পাপ মাফ হয়।

বন্ধুগণ! সাতাঁর শিখতে হলে পানিতে যেতে হয়। কেউ যদি পানিতে না গিয়ে দশ বছর হাত-পা চালায় তবু সাতার শিখতে পারবে না। তেমনি জিহাদের জন্য যে ঈমান ও আমলের প্রয়োজন তা অর্জন করতে হলে জিহাদে যেতে হয়। জিহাদের বাইরে থেকে তা অর্জন সম্ভব নয়। দশ বছর যদি কোন মানুষকে ঈমান শিক্ষা দিয়ে এমন অবস্থায় পৌছাতে পারো যা তোমার দৃষ্টিতে ঈমানের কষ্টি পাথর, তবু এক গুলির শব্দ শোনালে কিংবা ভালো করে এক ধমক দিলে সে বেহুশ হয়ে যাবে। কিন্তু জিহাদের ময়দানে দশ দিনের মধ্যে এত্টুকু ঈমান শক্ত হয় যে, সে আল্লাহ ছাড়া আর কিছুকে ভয় করে না। জিহাদের ময়দানে যখন বোমা ফাটে তখন আমাদের সাথীদের শরীর গাছের মধ্যে ঝুলে থাকে। শরীর খন্ড বিখন্ড হয়ে যায় পা, মাথা, হাত ইত্যাদি পৃথক

হয়ে যায়। মগজ বের হয়ে আসে। আমরা আমাদের প্রাণপ্রিয় সাথীদের শরীরের অংশগুলো জমা করে থাকি আল্লাহর কসম! ভয় কিংবা কাপুরুষতা আমাদেরকে স্পর্শ করে না। জিহাদ ঈমানকে শক্ত করে দেয়। জিহাদ ঈমানকে পূর্ণাঙ্গ করে দেয়। জিহাদের জন্য তা দেখা হয় না যে আমার শরীর মজবুত কি না, বরং জিহাদের জন্য দেখা হয় দ্বীন নিরাপদ কি না। মুজাহিদ গণ নিজেদের শরীরের অংশকে খন্ড-বিখন্ড করে চেষ্টা করেন উম্মতে মুসলিমাকে সংঘবদ্ধ করতে। জিহাদে হযরত হামজা (রা.) এর মতো সাহাবীর শরীর খন্ড-বিখন্ডিত হয়েছিলো। তাঁর নাক, কান কেটে দেওয়া হয়েছিলো। যদি আমাদের শরীর খন্ড বিখন্ড কিংবা আমাদের নাক, কান কেটে দেওয়া হয় তবে কি কিয়ামত হয়ে যাবে?

জিহাদের ময়দানে নামাজ:

অনেকে প্রশ্ন করেন যে, মুজাহিদগণ দাড়ি রাখেন কি না? নামাজ নিয়মিত পড়েন কি না? আমি তাদের প্রশ্নের উত্তরে বলতে চাই যে, কে বলেছে জিহাদের জন্য দাড়ি ও নামাজ শর্ত? স্মরণ রাখতে হবে, নামাজ পৃথক একটি ফরজ। জিহাদ পৃথক একটি ফরজ। দাড়ি পৃথক একটি ওয়াজিব। দাড়ি নামাজ এবং জিহাদ সব কিছু-ই জরুরী যদি আপনারা দেখতেন তবে স্বীকার করতেন যে, আল্লাহর কসম মুজাহিদগণ যেভাবে নামাজ পড়েন তা আর কারো পক্ষে সম্ভব না। বিশ্বাস করুণ "নামাজে প্রেম আসে তলোয়ারের ছায়ার নীচে''। একদিকে গুলি বর্ষণ হচ্ছে অন্য দিকে মুজাহিদ বলেছেন;

সকল প্রশংসা আল্লাহ তা'আলার যিনি সকল সৃষ্টি জগতের পালন কর্তা। সুরা ফাতেহা-১

এই সময় আল্লাহর প্রশংসা বর্ণনায় যে স্বাদ পাওয়া যায় জিহাদের বাহিরে তা কোথাও অনুভব করা যায় না।

اهُدِنَا الصِّرَاطَ الْمُسْتِقِيْمِ আমাদেরকে সরল সহজ পথে পরিচালিত কর। (সূরা ফাতেহা-

যে পথে তোমার নবী, রাসুল, সিদ্দিক এবং শহীদগণ চলে গেছেন। যে মুহুর্তে মানুষের এই বিশ্বাস হয়ে যায় যে, যে কোন সময় বুলেট লেগে নামাজ অবস্থায় মুত্যু এসে যেতে পারে, তখন সেই নামাজে স্বাদ আসে। যদি মুজাহিদগণ বেনামাজী হতেন তবে আকাশ থেকে সাহায্যের জন্য ফেরেস্তা আসতেন না। সোভিয়েত রাশিয়ার বড় বড় জেনারেলগণ স্বীকার করেছেন

(1)

ফ্রান্সের এক সাংবাদিক বলেছেন যে, তিনি আফগানিস্তানে জিহাদের সংবাদ সংগ্রহ করতে গিয়ে আল্লাহকে দেখেছেন, তাই ময়দান থেকে ফিরে এসে নিজে মুসলমান হয়ে গেছেন। যদি মুজাহিদগণ পাপিষ্ট হতেন তবে আল্লাহর সাহায্যে এত বড় বিজয় তাদের দ্বারা কিভাবে সম্ভব হতো। জিহাদ মনকে পাপ মুক্ত এবং পরিশুদ্ধ করে দেয়। জিহাদের ময়দানে শয়তান যেতে পারে না। কারণ সেখানে যে সকল ফেরেস্তা থাকেন তাদেরকে শয়তান দেখে ভয় পায়।

হাদিসের মধ্যে এসেছে মুজাহিদগণ যে দোয়া করেন তা আম্বিয়া (আ.) দের মতো কবুল হবে। কারণ মুজাহিদদের কোন আমলে অহংকার থাকে না।

জিহাদের ভিত্তি:

জিহাদের ময়দানে যারা শাহাদত বরণ করেন তাদের বেশির ভাগের রক্ত থেকে খুশবো বের হয়। আলহামদুলিল্লাহ! আমি নিজে সেই ঘ্রাণ পেয়েছি। অনেক মানুষ নিজে জিহাদে যায় না এবং অন্যদেরকেও জিহাদ থেকে বিরত রাখতে বিভিন্ন প্ররোচনা দেয়। আমাকে অনেকে এভাবে প্ররোচনা দিয়ে। থাকেন যে, যদি তুমি জিহাদে গিয়ে শহীদ হয়ে যাও তবে দ্বীনের অনেক গুরুত্বপূর্ণ কাজ বন্ধ হয়ে যাবে। কিন্তু আমি শহীদের রক্ত থেকে যে খুশবো পেয়েছি তার ঘাণ আমাকে সকল ভ্রান্ত প্ররোচনার প্রভাব থেকে মুক্ত করে রাখছে। আল-হামদুলিল্লাহ্ আমি এখনো দুই কারণে জিহাদের সাথে মিশে আছি। এ কথা যখন পড়লাম যে, ওহুদের ময়দানে আমাদের প্রিয় নবী (সা.) এর রক্ত ঝরেছে, দাঁত শহীদ হয়েছে। দ্বিতীয়ত আমার সাথী শহীদদের রক্ত থেকে যে খুশবো পেয়েছি। তাই এখন যদি কেউ জিহাদের বিরুদ্ধে যুক্তি উপস্থাপন করে তবে আমি মানি না। কারণ যে জিহাদে আমাদের প্রিয়নবী (সা.) এর রক্ত এবং দাঁত দিতে হয়েছে সেই জিহাদ কিয়ামত পর্যন্ত কায়েম থাকবে। জিহাদ কোন গল্প কিংবা কাল্পনিকতার উপর ভিত্তি করে নয়। জিহাদের গুরুত্বপূর্ণ ইতিহাসের ভূমিকা লিখা হয়েছে আমাদের প্রিয়নবী (সা.) এর লাল রক্ত দিয়ে। যদি জিহাদ ছাড়া ইসলামের শ্রেষ্ঠত্ব প্রকাশের অন্য কোন পথ বা পন্থা থাকতো তবে মহানবী (সা.) তাঁর পবিত্র রক্ত ঝরাতে (দাঁত শহীদ করতে) কেন গেলেন? আমাদের মতো তিনিও যে পারতেন কোন সহজ-সরল পথ খুঁজে নিতে। মহানবী (সা.) এর রক্ত প্রবাহিত হবে, তাঁর দাঁত শহীদ হবে আর আমরা উম্মতগণ ভাবছি আমাদের সমস্যার সমাধান জিহাদ ছাড়া-ই হয়ে যাবে। স্মরণ রাখতে হবে, কারো শাহাদতের কারণে

দ্বীনের কাজ বন্ধ হয়ে যায় না। বরং কাজ বৃদ্ধি হয়। আমি যখন আফগানিস্ত ানে জিহাদে গেলাম, তখন আমার কামাভার ছিলেন শহীদ আব্দুর রশীদ (র.)। তার শাহাদতের সময় এত কষ্টদায়ক অবস্থা ছিলো যে স্বয়ং মুজাহিদগণ চিন্তিত হয়ে গেলেন। কিন্তু তিনি হাসছেন এবং হাসতে হাসতে শহীদ হয়ে গেলেন। সাথীরা আমাকে অনুরোধ করলেন অন্যান্য মোর্চায় গিয়ে মুজাহিদদেরকে এই দুঃসংবাদ দিতে যে, তাদের প্রিয় কামাভার শহীদ হয়ে গেছেন। কামাভার আব্দুর রশীদ এত বিজ্ঞ ও সাহসী ছিলেন যে, শক্রর গুলি বর্ষণের মধ্যে এমনভাবে অগ্রসর হতেন যেন ফুল বাগানে প্রবেশ করছেন। তিনি শক্রদের শক্তিশালী মোর্চাগুলোকে অতিসহজে দখল করে নিতেন। একবার বুলেটহীন কালসনিকফ নিয়ে তাকবির ধ্বনির মাধ্যমে তিনি সতেরো জন রাশিয়ান সৈন্যকে গ্রেফতার করেছিলেন। এত বড় মুজাহিদ কামাভার হয়েও তিনি তাব্দুরীর মধ্যে মুজাহিদদের জন্য নিজের হাতে রুটি তৈরি করতেন।

আমি গুলি থেকে আতারক্ষা করে করে সামনের মোর্চায় গেলাম। সাথীদেরকে সমবেত করে পবিত্র কোরআনের আয়াত পাঠ করলাম। এরপর বললাম আমাদের প্রিয়নবী (স.)ও দুনিয়া থেকে চলে গেছেন। হযরত সাহাবায়ে কেরাম (রা.)গণ এই দুঃখ সহ্য করেছেন। আমাদের প্রিয় কামান্ডার আব্দুর রশীদ শহীদ হয়ে গেছেন। আমাদেরকে সহ্য করতে হবে। সংবাদ শোনে মুর্জাহদদের মধ্যে যে অবস্থা সৃষ্টি হলো তা সত্যই আশ্চর্যজনক। কামান্ডার আব্দুর রশীদের শাহাদতের পর আমাদের ধারণা ছিলো কাজ বন্ধ হয়ে যাবে। কিন্তু আল্লাহর বিধান হলো শহীদের মৃত্যু নেই। কামান্ডার আব্দুর রশীদের শাহাদতের পর আল্লাহপাক অন্য কামান্ডার দিয়ে দিলেন। নতুন কামান্তার যখন ময়দানে চলতেন তখন মনে হতো শহীদ কামান্তার আব্দুর রশীদ সাথে রয়েছেন। কামান্ডার মাওলানা শিব্বির, তার সংস্পর্শে যুদ্ধ করে কয়েকবার মহানবী (সা.)কে স্বপ্লে দেখার সৌভাগ্য হয়েছে। তিনি যখন শহীদ হলেন তখনও আমাদের ধারণা হয়েছিলো কাজ বন্ধ হয়ে যাবে। কিন্তু আল্লাহ পাক এরপর আরো ভালো কামান্ডার দিলেন। মোট কথা হলো শাহাদতের মাধ্যমে দ্বীনের কাজ বন্ধ হয় না, বরং বৃদ্ধি পায়। শহীদের রক্ত ইসলামের গাছকে উঁচু করতে পানির কাজে আসে। ইসলামের প্রদীপ জালাতে যে তেলের প্রয়োজন তা শহীদের রক্ত।

ইসলামী শাসন প্রতিষ্ঠা করতে কোরবাণীর প্রয়োজন:

কমিউনিজমের ধ্বংস এবং ইসলামী শাসন প্রতিষ্ঠার জন্য কোরবাণী দিতে মক্কা থেকে শায়েখ উসামা বিন লাদিন আফগানিস্তানে এসেছেন। ইসমাঈল খান, মাওলানা ফজলুর রহমান খলিল এবং শহীদ কামান্ডার আব্দুর রশিদ ঘর ছেড়ে ময়দানে গিয়েছিলেন। বাংলাদেশ থেকে মুফতি আবু উবায়দাসহ আরব ও মিশর থেকে যুবকগণ আফগানিস্তানে এসেছেন। রাশিয়া এবং আমেরিকা উভয়-ই আজ চিন্তিত এই ঈমানী লক্ষর কোথা থেকে আসছে। বিশ্বের বিভিন্ন ভূমি থেকে মুসলমান এবং আকাশ থেকে ফেরেস্তাদের তের বছরের যুদ্ধের বিনিময় শুধু আফগানিস্তানের মাটি থেকে নয় বরং গোটা দুনিয়া থেকে সোভিয়েত ইউনিয়নের নাম ও কমিউনিষ্ট নীতি ধবংস হয়ে গেছে। কিন্তু ইসলামের একটি মুস্তাহাবও ধ্বংস হয়নি। আমরা নীতিগত কারণে যুদ্ধ করি। আমরা মোটেও কাঁদবো না যে আমাদের ষোল লাখ শহীদ হয়ে গেছেন। কারণ আমরা যে নীতির কারণে যুদ্ধ করি সে নীতি এখনো বাকী আছে। কিন্তু কমিউনিষ্টগণ আজ কাঁদছে যে, তাদের নীতির সাথে সাথে তারা নিজেরাও ধ্বংস হয়ে গেছে। তাঁরা এসেছিলো আল্লাহর জানাজা বের করতে কিন্তু আজ স্বয়ং তাদের জানাজা বের হয়ে গেছে। তাঁরা চ্যালেঞ্চ করেছিলো আকাশের খোদাকে নীচে নিয়ে আসবে। অথচ তাঁরা আকাশের খোদার জমিনী বান্দাদের মোকাবেলা করার-ই সাহস রাখে না। প্রিয় বন্ধুগণ! ইসলামে যুদ্ধ শরীর দিয়ে করে না, করে নীতি দিয়ে। আমরা আমাদের নীতির জন্য প্রাণ উৎসর্গ করতে প্রস্তুত। ইসলামী নীতির জন্য যারা লডাই করে তাদেরকে আল্লাহ সাহায্য করেন। মসজিদে নববীতে হযরত ফারুকে আজম (রা.) বক্তব্য দিচ্ছেন, এই সময় তাঁর এক কামান্ডার শত মাইল দূরে লড়াইয়ে ছিলেন। যুদ্ধের ময়দানে व कामानात रठीए भागरा (अरलन, پاسا ربه الجبر হ সারিয়াহ! পাহাড়ের দিকে দৃষ্টি দাও। হযরত সারিয়াহ (রা.) পিছন দিকে ঘুরে গেলেন। শক্র আক্রমণ করতে ছিলো। কিন্তু সংকেত পেয়ে মুসলমানগণ পাল্টা আক্রমণ করলেন। ফলে শক্রদল পরাজিত হলো। হযরত সারিয়াহ (রা.) ময়দান থেকে ফিরে আসার পর সাহাবা (রা.) জানতে চাইলেন যুদ্ধ কেমন হলো? তিনি বললেন, আমরা পরাজিত হওয়ার পথে ছিলাম। কিন্তু হঠাৎ এক আওয়াজ পেলাম "হে সারিয়াহ! পাহাড়ের দিকে দৃষ্টিপাত কর।" আওয়াজটা হ্যরত উমর (রা.) এর আওয়াজের মতো। তখন সাহাবারা (রা.) বললেন আমরা মসজিদে হ্যরত উমর ফারুক (রা.) এর বক্তব্য শোনছিলোম। হঠাৎ তিনি বলে উঠলেন, "হে সারিয়াহ! পাহাড়ের দিকে দৃষ্টি কর।"

মোটকথা মহান আল্লাহ পাক মুজাহিদদেরকে হাওয়া, পানি, সমুদ্র, জংগল্ পশু-পাখি, হিংস্র জানোয়ার দিয়েও সাহায্য করে থাকেন। কমিউনিজমের পরাজয় এবং ইসলামের বিজয় দুনিয়া কিভাবে সহ্য করবে? আমেরিকার পেটে ব্যথা শুরু হয়ে গেছে এই কথা ভেবে যে, আমরা তো ওদের সাথে সাহায্যের নামে প্রহসন করলাম কিন্তু ওরা এত বড় মূভমেন্ট কিভাবে করলো? বর্তমানে দশ লাখ আফগান মুজাহিদ ময়দানে লড়াই করার শক্তি রাখেন। ওরা দুনিয়ার অন্যান্য সৈন্যদের থেকে বেশি যুদ্ধের কৌশল সম্পর্কে অবগত। কারণ আমেরিকা ও অন্যান্য দেশের সৈন্যগণ যুদ্ধ শিখে দেওয়ালে গুলি চালিয়ে। কিন্তু আমরা যুদ্ধ শিখেছি রাশিয়ানদের মাথায় গুলি চালিয়ে। ওরা যে ময়দানে ট্রেনিং করে সেখানে কার্পেট বিছানো থাকে, আর আমরা, যেখানে ট্রেনিং করেছি সেখানের মাটি ভাংগা কংক্রিটের মতো। ওরা তীর দিয়ে কাগজে নিশান লাগায় আর আমরা বুলেট ভর্তি বন্দুক দিয়ে শক্রর বুকে নিশান লাগাই। যুদ্ধ প্রেমিকদের মোকাবেলা কোন কাগজের নিশানধারী জেনারেল কর্তৃক করা সম্ভব নয়। তাই তারা ভয় পায় এবং আমাদেরকে মৌলবাদী ইত্যাদি বলে গালি দেয়। অথচ নামাজ আমরা অতীতেও পড়তাম এবং আজও পড়ছি।

আজ ইসলামের শ্রেষ্টত্ব প্রতিষ্ঠার জন্য জিহাদ শুরু হয়ে গেছে। হিন্দুস্তানে জিহাদ শুরু হয়ে গেছে, তাজিকিস্তানে জিহাদ শুরু হয়ে গেছে। কাশ্মীরে জিহাদ শুরু হয়ে গেছে। সমস্ত দুনিয়ায় সর্বসাধারণের কাছে জিহাদের গুরুত্ব বৃদ্ধি পাচছে। যুবকেরা তাদের মা-বাবা ছেড়ে জিহাদে যাচছে। স্ত্রী'রা তাদের স্বামীদেরকে জিহাদে প্রেরণ করছে। আমাদের এবং আপনাদের স্বাইকে প্রস্তুত হতে থাকতে হবে শক্রর মোকাবেলার জন্য।

অনুবাদকের অন্যান্য গ্রন্থ:

অঘোষিত কুসেড জীবন-ধর্ম-সংস্কৃতি গণতন্ত্র একটি কুফরী মতবাদ কুরআন সুনাহর আলোকে তাবিজাত শিরক নয় কি? লাহোর থেকে কান্দাহার তালেবান শাসক ও শাসনের উপমা (অনুবাদ) রমজানের মাসআলা-মাসায়েল জিয়ারতে মক্কা মদীনা

জিহাদের ইসলামী নীতি

মৃল মাওলানা মাসউদ আযহার *অনুবাদ* সৈয়দ মবনু

©

यञ्

অনুবাদক

প্ৰকাশকাল

আগষ্ট ২০০৪

প্রকাশক

অধ্যয়ন

২/১ জামে মসজিদ মার্কেট বন্দরবাজার, সিলেট।

মোবা ০১৭১ ১২৬০৮৩

প্রচ্ছদ

সিটি কম্পিউটার গ্রাফিক্স বারুতখানা, সিলেট।

মুদ্রণ

সিটি অফসেট প্রেস উত্তরণ ১৮/৮, বারুতখানা, সিলেট। মোবাইল ০১৭১ ৩৮৯২৬৫

মূল্য

১৫ টাকা মাত্র

"… জাতিসংঘের কাছে আমরা কেন দাবী করবো? জাতিসংঘের কি বসনিয়ার পঁচিশ হাজার মাসুম বাচ্চাদের রক্ত দৃষ্টিতে আসছে না? জাতিসংঘের মহাসচিবের কি কাশ্মিরে প্রবাহিত রক্ত যা সমুদ্রের পানিকে लाल लाल करत निरार ा पृष्टिभाठ २८४ ना? उता शाणि विस्थ भुष्टान আর ইহুদীদেরকে পৃষ্ঠপোষকতা করছে। আজ যদি গোটা বিশ্বে প্রকৃত কোন এতিম থেকে থাকে তবে সে হচ্ছে বিশ্বনবী হয়রত মোহাম্মদ (সা.) এর উম্মত; যাদের মাথায় সান্তনার হাত রাখার মত আজ কেউ নেই। যাদের মা-বোনগণ অন্যায়ভাবে ধর্ষণের শিকার হয়ে বাচ্চা জন্ম দিতে দিতে মৃত্যুবরণ করছে। যাদের গর্ভবর্তী মহিলারাও গণহারে ধর্ষণের শিকার হচ্ছে, কিন্তু প্রতিবাদ কিংবা প্রতিরোধকারী কেউ নেই। এটা আমাদের অপরাধ এবং এজন্য আমরাই অপরাধী। আমাদেরকে মহানবী (সা.) জিহাদ শিখিয়েছিলেন এবং তলোয়ার আর ঘোড়া দিয়েছিলেন। বোখারী শরীফ হাতে নিয়ে দেখুন। মহানবী (সা.) নিজের উত্তরাধিকারীদের মধ্যে অস্ত্রশস্ত্র ছাড়া অন্য কিছুই রেখে যাননি। হে আমার মুজাহিদ বন্ধুগণ! সংকল্প করুন; ইসলামের সকল মাসয়ালার জন্য নিজের প্রাণের নজরানা দেবেন, নিজের রক্ত প্রবাহিত করবেন, তরু শক্রর সামনে নিজের অস্তিত্বকে বাঁকা হতে দেবেন না... "।

মাওলানা মাসউদ আযহার

প্রকাশক:

जध्ययन

২/১ জামে মসজিদ মার্কেট, বন্দর বাজার, সিলেট। মোবাইল: ০১৭১-১২৬০৮৩